**শর্তাবলী:**

(ক) "সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫ (সংশোধিত)" এর পরিশিষ্ট-১ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে (আবেদন ফরম- www.moa.gov.bd থেকে ডাউনলোড করা যাবে)।

(খ) আবেদনকারীদের নির্ধারিত শূন্য ডিলার ইউনিটের বিপরীতে ২০২৫ (সংশোধিত) এর নীতিমালায় বর্ণিত শর্ত পূরণসাপেক্ষে আবেদন করতে হবে।

*** যেসকল আবেদনকারী ২৫ ফেব্রুয়ারী ২০২৬ তারিখের স্মারক নং-০৫.৪৩.৮৮০০.০১৬.১৪.০০৩.২৫-৩৭৬ এর সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তিতে সার ডিলার নিয়োগের জন্য আবেদন দাখিল করেছেন তাদের অনিস্পন্ন আবেদনসমূহ বর্তমান বিজ্ঞপ্তির আওতাধিন মর্মে বিবেচনা করে তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন হবে না।

**(গ) আবেদনকারীর যোগ্যতা :**

১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের / উপজেলার/ পৌরসভার বাসিন্দা হতে হবে ও এর প্রমানক হিসেবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র বা প্রশাসক অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে।

২. নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/ পৌরসভার সংশ্লিষ্ট কার্য এলাকায় (ডিলার ইউনিটে) কমপক্ষে ৫০ মে.টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে; তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/ রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং একইভাবে সারের গুদামে বীজ ও বালাইনাশক সংরক্ষণ করা যাবে না ;

৩. বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উচু ও পাকা থাকতে হবে ;

৪. আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ১০ (দশ) লক্ষ টাকার ব্যাংক স্বচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে।

৫. ইউনিয়ন পরিষদ / পৌরসভা কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে ;

৬. আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে (বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিড গ্রহণযোগ্য হবেনা);

৭. আবেদনকারীকে শারীরিক ও মানসিক ভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে ; এবং

৮. আবেদনকারীর হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের (টিআইএন) সনদ থাকতে হবে।

**(ঘ) আবেদনকারীর অযোগ্যতা :**

১. ইতোপূর্বে শাস্তিমুলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতোপূর্বে ব্যবসায়ে অনিয়ম/ কোনো ফৌজদারি বা অন্য কোন আইনে দন্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দন্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন ;

২. কোনো বিধিবদ্ধ সরকারি/ আধাসরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/ পাবলিক বিশ্ববিদ্যালয়/ এমপিওভুক্ত প্রতিষ্ঠানের কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে / থাকতে পারবেন না ; এবং

৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ বা বিক্রয় প্রতিনিধিত্বশিপ থাকলে পরিবারের অপর কেউ ডিলারশিপের/ বিক্রয় প্রনিধিত্বশিপের আবেদন করতে বা ডিলার বা বিক্রয় প্রতিনিধি হতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সদস্য বলতে পিতা, মাতা, স্বামী/ স্ত্রী, পুত্র, পুত্রের স্ত্রী, পুত্রের পুত্র ও তাদের স্ত্রী, অবিবাহিত কন্যা ও নির্ভরশীল ভাই ও বোন যারা এক খানায় খাদ্য গ্রহণ করে তাদের বুঝানো হয়েছে।

**(ঙ) সারের ডিলারশিপের জন্য আবেদনপত্র জমাদানের শর্ত ও প্রয়োজনীয় কাগজপত্র :**

১। আবেদনকারীকে নির্ধারিত ছকে (পরিশিষ্ট-০১) আবেদন প্রস্তুত করে তার প্রতিষ্ঠানের নিজস্ব লেটার প্যাডে পরিচায়ক পত্র (Cover Letter) সহ আবেদন দাখিল করতে হবে ;

২। আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত দলিলাদি / কাগজপত্র জমা দিতে হবে :

(ক) জাতীয় পরিচয়পত্র ও স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদ ;

(খ) সাম্প্রতিক তোলা ৩ (তিন) কপি পার্সপোর্ট সাইজ ছবি ;

(গ) হালনাগাদ ট্রেড লাইসেন্স ;

(ঘ) দোকান ও গুদামের পরিমাপের বর্ণনাসহ মালিকানা/ ভাড়ার চুক্তিনামার কপি ;

(ঙ) ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ ;

(চ) আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক প্রত্যায়িত পরিবারের সদস্যদের পেশাসহ (পিতা, মাতা, পুত্র, অবিবাহিত কন্যা এবং নির্ভরশীল ভাই ও বোন) তালিকা ; এবং

(ছ) হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের সনদ।

চলমান পাতা-৩